দৈনিক বাংলা

তারিখ ... 14/8/78 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম 4 ...

047

# শিক্ষাব্যয় হ্রাস করা হবে: জাফর

কুমিল্লা, ১৩ই আগস্ট (এনা)। —জাতীয়তাবাদী ফ্রন্টের অঙ্গদলগুলোর মধ্যে কোন বিরোধ থাকা উচিত নয়। শিক্ষামন্ত্রী কাজী জাফর আজ এখানে একথা বলেন।

তিনি দোলখা, বটতলী ও গুণবতীতে দুটি জনসভা এবং সর্বশেষে এক জনসমাবেশে বক্তৃতা করেন।

তিনি বলেন, তেসরা জুনের নির্বাচনে জনগণ জাতীয়তাবাদী ফ্রন্ট প্রার্থী-এর ইশতেহার ও কর্মসূচীর প্রতি বিপুল সমর্থন জানিয়েছে। এখন তারা ফ্রন্টের মেনিফেস্টো ও কর্মসূচীর বাস্তবায়ন দেখতে চায়। কাজেই এখন অঙ্গদলগুলোর সকল শক্তি ফ্রন্টের কর্মসূচী ও মেনিফেস্টো বাস্তবায়নে নিয়োগ করা উচিত।

**শিক্ষা প্রসঙ্গে**

শিক্ষা প্রসঙ্গে কাজী জাফর বলেন, বর্তমান শিক্ষাব্যবস্থা বৃটিশ ঔপনিবেশিক আমলের অবশেষ, কাজেই এর আমূল পরিবর্তন করা দরকার। বর্তমান শিক্ষা ব্যবস্থায় শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বেকার সৃষ্টির কারখানায় পরিণত হয়েছে।

তিনি বলেন, সর্বক্ষেত্রে জাতীয় উন্নয়নের জন্য জনশক্তির যথোপযুক্ত সদ্ব্যবহার নিশ্চিত করার মত একটি নয়া শিক্ষাব্যবস্থা উদ্ভাবন করতে হবে।

এ প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, সর্বক্ষেত্রে উৎপাদন বাড়ানোর জন্য দেশে বিপুল সংখ্যক কারিগর ও পেশাগত কর্মীর প্রয়োজন রয়েছে। সেজন্য কারিগরি শিক্ষাকে অগ্রাধিকার দিতে হবে।

তিনি বলেন, সরকার শিক্ষাকে উৎপাদন ও গণমুখী করতে এবং সাধারণ মানুষের নাগালের মধ্যে আনতে সংকল্পবদ্ধ। শিক্ষা ব্যয় হ্রাস করা হবে বলে তিনি জানান।

বর্তমান শিক্ষাব্যবস্থাও এর মানোন্নয়নে শিক্ষা মন্ত্রণালয় যেসব ব্যবস্থা গ্রহণ করেছেন তিনি সেগুলো উল্লেখ করেন। তিন মাসের মধ্যে অন্তর্বর্তীকালীন শিক্ষা ব্যবস্থা ঘোষণা করা হবে বলে তিনি শ্রোতাদের আশ্বাস দেন।

এ প্রসঙ্গে তিনি শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠনের কথা উল্লেখ করেন। এ পরিষদ নয়া শিক্ষানীতি প্রণয়নে সরকারকে সাহায্য করবে। পঞ্চম শ্রেণী পর্যন্ত নোট বই ছাপানো নিষিদ্ধ ও ৬০ টাকার বই-এর দাম কমিয়ে ১৮ টাকা করার কথাও তিনি উল্লেখ করেন। নোট বই প্রকাশকদের হুঁশিয়ার করে দিয়ে বলেন এ ব্যাপারে কোন অসদুপায় গ্রহণ করা হলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

**ছাত্র আন্দোলন**

ছাত্র আন্দোলনের সাথে তার পুরনো সম্পর্কের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, ছাত্রদের গণতান্ত্রিক ও সংগ্রামী ঐতিহ্য বজায় রাখতে হবে। দেশের ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তোলা অত্যন্ত প্রয়োজন।

বর্তমানের ছাত্র রাজনীতি প্রেক্ষিতও উদ্দেশ্যবিহীন বলে কাজী জাফর আহমদ দুঃখ প্রকাশ করেন। তিনি বলেন কিছু সংখ্যক ধ্বংসবাদ ছাত্র সম্প্রদায়ের নামে শিক্ষার পরিবেশ ও ছাত্র রাজনীতিকে দূষিত করছে। তারা ছাত্র আন্দোলনের গৌরবময় ঐতিহ্য ও ইতিহাসকে নষ্ট করছে।

শিক্ষামন্ত্রী বলেন, তিনি শিক্ষকদের সমস্যা সহানুভূতি নিয়ে দেখবেন।